

বিউটিফুল বাংলাদেশ রানে যুক্ত হলো ইউএস-বাংলা

- A Monitor Desk Report

Date: 03 April, 2025



ঢাকা: এভিয়েশন অ্যান্ড টুরিজম জার্নালিস্টস ফোরাম অব বাংলাদেশের (এটিজেএফবি) আয়োজনে আগামী ২৫ এপ্রিল রাজধানীর হাতিরঝিলে অনুষ্ঠিত হতে যাচ্ছে বিউটিফুল বাংলাদেশ রান-২০২৫। রান আয়োজনকে উৎসবমুখর করতে এতে যুক্ত হয়েছে দেশের শীর্ষ বেসরকারি এয়ারলাইন্স ইউএস-বাংলা।

বুধবার (২ এপ্রিল) ইউএস-বাংলা এয়ারলাইন্সের জেনারেল ম্যানেজার মো. কামরুল ইসলাম জানান, রানে পুরুষ, নারী ও ফান ক্যাটাগরিতে ১ম, ২য় ও তৃতীয় স্থান অর্জনকারী প্রত্যেককে ইউএস-বাংলা এয়ারলাইন্সের পক্ষ থেকে দেওয়া হবে যথাক্রমে ঢাকা-মালদ্বীপ-ঢাকা, ঢাকা-ব্যাংকক-ঢাকা ও ঢাকা-কক্সবাজার-ঢাকা এয়ার টিকিট।

এছাড়া প্রতিযোগিতায় অংশ নেওয়া সবার মধ্যে সৌভাগ্যবান ৩ জনকে এয়ারলাইন্সের পক্ষ থেকে দেওয়া হবে যথাক্রমে ঢাকা-মালদ্বীপ-ঢাকা, ঢাকা-ব্যাংকক-ঢাকা ও ঢাকা কক্সবাজার-ঢাকা এয়ার টিকিট।

তিনি আরও জানান, দেশের পর্যটন শিল্পের বিকাশে যেকোনো ভালো উদ্যোগে ইউএস-বাংলা পাশে থাকার চেষ্টা করে। এরই অংশ হিসেবে বিউটিফুল বাংলাদেশ রানে যুক্ত হওয়া।

দেশের পর্যটন শিল্পের বিকাশ ও এই শিল্প সংশ্লিষ্ট সবাইকে এক ছাদের নিচে নিয়ে আসার লক্ষ্যেই এ রান আয়োজন বলে জানান বিউটিফুল বাংলাদেশ রানের চিফ কো-অর্ডিনেটর শফিউল্লাহ সুমন।

তিনি জানান, দুটি ক্যাটাগরিতে এ রান অনুষ্ঠিত হবে। একটি সাড়ে ৭ কিলোমিটার, অপরটি ২ কিলোমিটার ফান রান। নারী, পুরুষ ও পাঁচ বছরের বড় সবাই রেজিস্ট্রেশনের মাধ্যমে এই রানে অংশ নিতে পারছেন।

হাতিরঝিলের পুলিশ প্লাজা থেকে সকাল ৬টায় শুরু হয়ে ৯০ মিনিটের এই রান শেষ হবে হাতিরঝিল এম্পলিথিয়েটারে। পরে বিজয়ী ও রান

সম্পন্নকারীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

বিস্তারিত জানতে @BeautifulBangladesh Run 2025 এই ঠিকানায় ভিজিট করতে বলা হয়েছে।

-B